

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা



বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সেবা প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: আব্দুল্লাহ আল মামুন উপসচিব
সভার তারিখ	২২ ডিসেম্বর ২০২০ খ্রি:
সভার সময়	দুপুর ২.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-১৭২৪, ভবন নং-৬, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-(ক)

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে তাদের সেবা সংক্রান্ত তথ্য তুলে ধরার জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” তে দেওয়া হলো।

৩.০ সভার শুরুতে জনাব মো:মোহন মিয়া, স্টেশনারী সরবরাহকারী, প্রিন্স টেডার্স জানান যে, স্পট কোটেশন না করার কারণে কালার প্রিন্টার সরবরাহের বিল বকেয়া রয়েছে। তাৎক্ষণিক নির্দেশে উক্ত সমস্যা সমাধান করা হয়েছে। সভায় উপস্থিত অন্য এক সদস্য জানান যে, তার সেবা প্রদান করার জন্য সচিবালয়ে প্রবেশের অসুবিধা হচ্ছে। তাই সেবা প্রদান করতে সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। সভায় গাড়ি চালকদের মধ্যে একাধিক সদস্য বক্তব্য রাখেন। তারা সচিবালয়ে প্রবেশপত্র প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ এ বিভাগের সেবা শাখার কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন।

৪.০ বিস্তারিত আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

৪.১ মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের বিল কাল বিলম্ব না করে যথাসময় পরিশোধ করার ব্যবস্থা নেয়া হবে।

৪.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা প্রতিষ্ঠানের সেবা প্রদানের সুবিধার্থে সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশের বিষয়ে প্রচেষ্টা নেয়া হবে। এবং

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আব্দুল্লাহ আল মামুন
উপসচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৫৯১

তারিখ: ৯ পৌষ ১৪২৭

২৪ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

বিভাগ

- ৩) প্রশাসনিক কর্মকর্তা, সেবা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) গাড়ীচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) আর এন্ড আই শাখা (সকল কর্মচারী) , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্টেশনারিজ সাপ্লাইয়ার (সকল)।
- ৮) অফিস কপি, ইমেইল।



মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব